তারিখ APR 1-7.1999
পৃষ্ঠা ৭ কলাম ৫

THE BANGLADESH OBSERVER

# ঢাকা বিশ্ববিদ্যালয়

এতদ্দ্বারা পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাইতেছে যে, সনাতন পদ্ধতিতে ১৯৯৫ সনের শেষ পর্ব মাষ্টার্স ডিগ্রী পরীক্ষা আগামী ২৪ শে জুন, ১৯৯৯ ইং তারিখ হইতে অনুষ্ঠিত হইবে।

উল্লেখ্য যে, সনাতন পদ্ধতিতে ১৯৯৪ সনের স্নাতকোত্তর শেষপর্ব পরীক্ষায় যে সকল পরীক্ষার্থী অংশ গ্রহন করিয়া অকৃতকার্য হইয়াছে শুধুমাত্র তাহারাই সনাতন পদ্ধতিতে আসন্ন ১৯৯৫ সনের সাতকোত্তর শেষপর্ব পরীক্ষায় অংশ গ্রহন করিতে পারিবে। তবে, বিগত পরীক্ষাগুলিতে অংশ গ্রহন করিয়া যাহারা শাস্তিপ্রাপ্ত, হইয়াছে এবং ইতিমধ্যেই শাস্তির মেয়াদ উত্তীর্ন হইয়া ১৯৯৫ সনের পরীক্ষায় অংশ গ্রহনের যোগ্যতা অর্জন করিয়াছে তাহারাও আসন্ন স্নাতকোত্তর শেষপর্ব পরীক্ষায় অংশ গ্রহন করিতে পারিবে। (মান উন্নয়ন পরীক্ষায় শাস্তিপ্রাপ্তদের ক্ষেত্রে প্রযোজ্য নহে) এবং ১৯৯৪ সনের শেষ পর্ব মাষ্টার্স ডিগ্রী পরীক্ষায় অংশ গ্রহণ করিয়া যাহারা তৃতীয় শ্রেণীতে উত্তীর্ণ হইয়াছে তাহারাও ১৯৯৫ সনের বহিরাগত পরীক্ষার্থী হিসাবে রেজিষ্ট্রেশন করিয়া মান উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহন করিতে পারিবে।

উল্লিখিত শর্তানুযায়ী ১৯৯৫ সনের সনাতন পদ্ধতিতে স্নাতকোত্তর শেষপর্ব (মানউন্নয়নসহ) পরীক্ষায় বহিরাগত হিসাবে অংশ গ্রহনেচ্ছু পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য পরীক্ষায় অংশ গ্রহন সংক্রান্ত বিবরণ নিম্নে প্রদত্ত হইল।

## স্নাতকোত্তর শেষপর্ব (মানউন্নয়নসহ) পরীক্ষা-১৯৯৫

(ক) নির্ধারিত ফরমে অন্তভূক্তি ফিসসহ আবেদনপত্র জমা দেয়ার তারিখ ঃ ২রা মে, ১৯৯৯ ইং তারিখ হইতে ১৬ই মে, ১৯৯৯ইং তারিখ পর্যন্ত।

(খ) পরীক্ষার ফিস এন্ট্রিফরম জমা দেয়ার তারিখ ঃ ১৭ই মে, ১৯৯৯ইং তারিখ হইতে ৩১শে মে, ১৯৯৯ইং তারিখ পর্যন্ত।

## <u>ফিসের হার</u>

অন্তর্ভূক্তি ফিস স্নাতকোত্তর শেষপর্ব (মানউন্নয়নসহ) ঃ ৩৪০/- টাকা

এন্ট্রিফরম ফিস স্নাতকোত্তর শেষপর্ব (মানউন্নয়নসহ) ঃ ৭৭৫/- টাকা।

সকল বহিরাগত পরীক্ষার্থীর ক্ষেত্রে নির্ধারিত তারিখ উত্তীর্ণ হওয়ার পর প্রথম ৭ (সাত) দিন পর্যন্ত দৈনিক ২০/= (বিশ) টাকা হারে এবং পরবর্তী ৭ (সাত) দিন দৈনিক ৪০/= (চল্লিশ) টাকা হারে বিলম্ব ফিসসহ পরীক্ষার ফিসের সংগে জমা দিতে হইবে।

পরীক্ষার যাবতীয় ফিস অগ্রণী ব্যাংক, কার্জন হল, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায় জমা দিয়া ফরম সংগ্রহ করিতে হইবে। উপরে উল্লিখিত তারিখের পর কোন অবস্থাতেই আবেদনপত্র, পরীক্ষার এন্ট্রিফরম ও ফিস গ্রহণ করা হইবে না। <u>তবে আবেদনকারীকে ১৯৯৪ সনের প্রবেশপত্র আবেদন ফরমের সাথে অবশ্যই দাখিল করিতে হইবে।</u>

**পরীক্ষা নিয়ন্ত্রক**
ঢাকা বিশ্ববিদ্যালয়

জিসি-১৯০৪